গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ	:	১৯ মে, ২০১৯ খ্রিঃ (রবিবার)
সময়	:	১০.০০ টা।
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভায় যে সকল কর্মকর্তা প্রথম যোগদান করেছেন তাঁদেরকে পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপ-পরিচালক, সমাজ সেবা কার্যালয়, নওগাঁ জেলায় নতুন যোগদান করে সভায় প্রথমবার আগমন করায় পরিচয় প্রদান করেন। সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ২৩/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	–

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ এর প্রতিনিধি জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি জানান, অগ্নী নির্বাপন যন্ত্র সকলকে বাসা বাড়ীতে সংরক্ষণের পরামর্শ প্রদান করেন।	সরকারি উন্নয়নমূলক কাজে বিভিন্ন বিভাগকে পুলিশী সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে।	পুলিশ সুপার, নওগাঁ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫কোটি ৯০লক্ষ টাকায় ৩০৬টি প্রকল্পের কাজ হাতে নেয়া হয়েছে। তম্মোধ্যে ৮৬টির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলোর কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৭৫%। নিজস্ব তহবিলের ১কোটি ৯লক্ষ টাকার ১২টি প্রকল্পের কাজ হাতে নেয়া হয়েছে। ৪টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলোর চলমান আছে। কাজের অগ্রগতি ৮০%। জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত হবে। রাণীনগর ডাকবাংলো চত্বরে মরা ও ঝুঁকিপূর্ন ১টি রেন্ট্রি কড়াই ও ১টি অর্জুন গাছসহ বিভিন্ন সময়ে ঝড়েপড়া কিছু ডালপালা এবং নওগাঁ সদর উপজেলার জেলা পরিষদের মালিকানাধীন বিডিআর ক্যাম্প হতে কাদোয়া-ফতেপুর রাস্তার কাদোয়া মৌজার আরএস ৭৭৮ নং দাগে আনুমানিক ৯০ বছর বয়সের পরিপক্ক একটি পাইকর গাছ ঝুকিপূর্ন অবস্থায় আছে। সংশ্লিষ্ট মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক ১২/৫/২০১৯ তারিখে	(১)জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং নিজস্ব তহবিলের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। (২)রাণীনগর ডাকবাংলো চত্বরে মরা ও ঝুঁকিপূর্ন গাছ এবং নওগাঁ সদর উপজেলার কাদোয়া-ফতেপুর রাস্তার ধারের গাছের মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক ৪,৫১৭/৭৫ (চার হাজার পাঁচশত সতের টাকা পঁচাত্তর পয়সা)	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

রাণীনগর ডাকবাংলো চত্বরের গাছ ৪,৫১৭/৭৫ এবং নওগাঁ সদর উপজেলার কাদোয়া-ফতেপুর রাস্তার ধারের পাইকর গাছের মূল্য ২,৭০০/- টাকা নির্ধারণ করা হয়। নির্ধারণকৃত মূল্যে গাছগুলো অপসারণের অনুমোদন দেয়া যেতে পারে।	এবং ২,৭০০/- (দুই হাজার সাতশত) টাকা মূল্যে নিলামে বিক্রির জন্য অনুমোদন দেয়া হল।	

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ জানান, গণপূর্ত বিভাগের আওতায় ৪০টি নির্মাণাধীন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। তিনি জানান, নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটের কাজ শেষ হয়েছে। বিদ্যুৎ বিভাগ সংযোগ প্রদান করছেন। আত্রাই মডেল মসজিদের কাজ শুরু করা হয়েছে। কিছু উপজেলায় জায়গার সমস্যা ছিল। সেগুলো সমস্যার সমাধান হয়ে গেছে। এ মাসের মধ্যেই সবগুলো কাজ শুরু করা হবে। শীঘ্রই কর্তৃপক্ষকে বুঝিয়ে দেয়া হবে। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল জানান, নব নির্মিত ভবনের থাই গ্লাস অনেক বড় হওয়ায় ঝড়ে থাই গ্লাস পড়ে গেছে। থাই গ্লাসের ডিজাইন পরিবর্তন করা প্রয়োজন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জানান, গণপূর্ত বিভাগের মাধ্যমে যে সকল ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ চলমান আছে তা দ্রুত সম্পন্ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী ও আত্রাই জানান, উপজেলা পর্যায়ে পুরাতন কোর্ট বিল্ডিং এর সংস্কার/মেরামত কাজ উপজেলা পরিষদ থেকে করা যাবে কিনা। এতদবিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জানান, স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে উপজেলা পরিষদ থেকে কোর্ট বিল্ডিং সংস্কার/মেরামত কাজ করা যাবে।	(১)নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটের কাজ শেষ হওয়া মাত্র লিফট কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে। (২) সকল উপজেলার মডেল মসজিদ নির্মাণের কাজ দ্রুত শুরু করতে হবে। (৩)২৫০ শয্যা জেনারেল হাসপাতালের নব নির্মিত ভবনের থাই অনেক বড় হওয়ায় ঝড়ে পড়ে যাওয়ার কারণে থাই এর ডিজাইন পরিবর্তন করতে হবে। (৪)ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। (৫)স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে উপজেলা পরিষদ থেকে কোর্ট বিল্ডিং এর সংস্কার/মেরামত কাজ সম্পন্ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ।

৬। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সিভিল সার্জন, নওগাঁ জানান, সদর হাসপাতাল ব্যতীত জেলায় মোট মন্জুরীকৃত চিকিৎসকের পদ ২৭৯টি। বর্তমানে কর্মরত আছে ৭৩জন। শূন্য আছে ২০৬টি। ব্যাপক সংখ্যক চিকিৎসক পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা প্রদানে সমস্যা হচ্ছে। জেলায় ৩য় শ্রেণীর লোক নিয়োগ সম্পন্ন হয়েছে। ৪র্থ শ্রেণীর নিয়োগ সম্পন্ন হয়নি।	চিকিৎসক পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করাসহ ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের পরবর্তী পদক্ষেপ নিতে হবে।	সিভিল সার্জন, নওগাঁ।

৭। ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ জানান, নব নির্মিত ভবনে এখনও লিফট চালু হয়নি। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জানান, শীঘ্রই লিফট চালু হবে। লিফট চালানোর জন্য জনবল প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, জানান, লিফট চালানোর জনবল প্রস্তুত আছে। তবে তাঁদেরকে ট্রেনিং দেওয়া প্রয়োজন। সভাপতি জানান, জেলায় লিফট আছে এমন প্রতিষ্ঠান যেমন-হোটেল মল্লিকা ইন, ইসলামী ব্যাংক হাসপাতাল, প্রাইম হাসপাতাল। উক্ত প্রতিষ্ঠান প্রধানদের সাথে যোগাযোগ করে তাঁদের প্রশিক্ষণ প্রাপ্ত জনবল সাময়িকভাবে নিয়ে লিফট চালানোর ব্যবস্থা করার জন্য পরামর্শ প্রদান করেন।	হাসপাতালের ৮ম তলা ভবনের লিফট বুঝে পাওয়ার পর প্রশিক্ষণ প্রাপ্ত জনবল দ্বারা সাময়িকভাবে লিফট চালু ও লিফটম্যান নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।

৮। নওগাঁ মেডিকেল কলেজঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ জানান, নওগাঁ মেডিকেল কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলায় চকবিরাম, নলগাড়া, বরুনকান্দি ও চকপাথুরিয়া মৌজায় নির্বাচিত ৫০ একর জমি অধিগ্রহণের জন্য ১৩৫ কোটি ৪৩ লক্ষ ৪৫ হাজার ৬৪১ টাকার প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণকৃত প্রস্তাবের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়নি। ইতোমধ্যে ডিজিটাল সার্ভে হয়ে গেছে। সভাপতি জানান, নওগাঁ মেডিকেল কলেজের চেয়ে নওগাঁ ইঞ্জিনিয়ারিং কলেজের কাজ বেশী এগিয়ে চলেছে।	নওগাঁ মেডিকেল কলেজের জায়গা অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।

৯। জনস্বাস্থ্য বিভাগঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নওগাঁ জানান, (১) পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পে পানির উৎস্য স্থাপন ২২৩টি। কাজের অগ্রগতি ৭০% (২) ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১টি পানি শোধনাগার নির্মাণ। কাজের অগ্রগতি ৫২% (৩) পাইপ লাইন স্থাপন ১০ কিঃ মিঃ। কাজের অগ্রগতি ১০% (৪) অগ্রাধিকারমূলক প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ১,৬২৩টি। কাজের অগ্রগতি ৯০%। কাজ চলমান (৫) রাজশাহী, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় নিম্ন পানিস্তর এলাকায় কমিউনিটি বেইড পানি সরবরাহ প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ২৮০টি। কাজের অগ্রগতি ৭০%। কাজ চলমান।	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের আওতায় চলমান প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নওগাঁ